



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারকনং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৭)/২০২১/৩৮৮

তারিখঃ ১৩/০৮/২০২৩

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইনস্টিটিউট অব সীড টেকনোলজীতে জানুয়ারি-জুন/২০২৩ সেমিস্টারে এমএস (সীড টেকনোলজী) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।

ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে।

আসন সংখ্যা: ২০ (বিশ) জন

ভর্তি সংশ্লিষ্ট তথ্যাবলী:

- উপর্যুক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে ভর্তির জন্য পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী, শেকৃবি, ঢাকা-এর অফিস থেকে নির্ধারিত ভর্তির আবেদন ফরম নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র প্রদানপূর্বক ১৬/০৮/২০২৩ তারিখ থেকে সংগ্রহ করা যাবে এবং পূরণকৃত আবেদন ফরম ১০/০৯/২০২৩ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী অফিসে জমা দিতে হবে।
- আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, মার্কশীটের সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযোজন করতে হবে। চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট নিয়োগকর্তার নিকট হতে অনুমতিপত্র সংযোজন করতে হবে।
- চাকুরীরত ও বৃত্তি প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরীরত ও বৃত্তি প্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে এবং এমএস প্রোগ্রামের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বেঞ্চ ফি সংশ্লিষ্ট অফিসে ভর্তির সময় জমা দিতে হবে।
- নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতিপত্রের কপি পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজী অফিসে জমা দিতে হবে।
- অসম্পূর্ণ এবং অস্পষ্ট দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়